

কুমার প্রেম  
মোঃ আবদুল খালেক

যৌবন দোলায় ফুল্ললিত  
বুকে তরঙ্গ খেলা পাহাড়  
জোয়ার ভেসেছিলো পানিতে ,  
সময়ে তরবেয়ে নুপুরে নুপুরে  
পদ্মা উঁকি দিল কুমারের দ্বারে,  
ছককাটা বাঁকা গ্রীবা রহস্য চাহনী  
দুষ্ট হাসিতে লুকানো প্রেমখেলা  
কুমারের দেহে দেহে পদ্মার মেলা ।  
মাটি ভেংগে মাটিতে, ভাবাবেগে  
বন্যপ্রেমে উন্মাদ দুরন্ত কুমার  
ভাটিয়ালী লালন বাউল সারি  
শিমুল পারুল জারুল আকুল  
মুখ ঢাকিল অবলা তীরোপরি  
প্রেমিকা ছুঁড়িল তুলশি চন্দন—  
কুমার পদ্মার অবগাহী সলিলে ।

অচেনা প্রেমিক ক্ষুধা পদ্মার চেউয়ে  
চোখে মুখে বুকে, সারা শরীর জুঁড়ে  
যৌবন জ্বালা না মিটে সংকীর্ণ রথে  
হিমালয় ধারা চায় বিস্তীর্ণ মর্ত সুধা ।  
বিরহী ব্রহ্মপুত্র বহে গোপন ইশারায়  
অচেল বৃন্দাবন ছেপে গোলাপি নির্ঝাসে  
আরেক পিপাসী, রক্তে স্বগোত্রীয় ধারা  
প্রেমাঞ্জলি চরনে ঝড়ে পদ্মা দর্শনে-  
এ যেন বিধাতারই বিধিলিপি ।  
মিলন খেলায় ব্রহ্মপুত্র- পদ্মা  
ব্যুৎপন্ন রূপালী বসনে মেঘনা বধু,  
হাজার কিঙ্করীগানে, কুলে কুলে  
নেচে তালে তালে সাগর সঙ্গমে,  
পিছনে ফেলে কুমার উপাখ্যান ।

স্বপ্নের সমুদ্র যাত্রা মৃত মরুতলে  
প্রেমশ্রু অভিমানে নিভৃত নিসাড়  
শীর্ণকায় কুমার চোখে বৃদ্ধ রজনী  
পদ্মা প্রেম আজো কাঁদে বিলুপ্তির পাঁড়ে।  
১৩/০৪/০৭

